গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোরশেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

স্মারক নং-১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০৩.১৭. ১৩৪৩ তারিখঃ ১০/০১/২০১৮

বিষয়: বাংলাদেশ, জিম্বাবুয়ে ও শ্রীলংকা জাতীয় ক্রিকেট দলের মধ্যকার ত্রিদেশীয় ক্রিকেট সিরিজের অনুষ্ঠেয় ম্যাচসমূহের চলতি ধারাবিবরণী সরাসরি সম্প্রচার।

আগামী ১৫ জানুয়ারি ২০১৮ তারিখ থেকে শের-ই-বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়াম, মিরপুর, ঢাকায় বাংলাদেশ, জিম্বাবুয়ে ও শ্রীলংকা জাতীয় ক্রিকেট দলের মধ্যে ত্রিদেশীয় ক্রিকেট সিরিজ অনুষ্ঠিত হবে। উক্ত খেলার চলতি ধারাবিবরণী বাংলাদেশ বেতার থেকে বিটিসিএল লাইনের মাধ্যমে নিম্নবর্ণিত সময়, ভেন্যু ও ফ্রিকোয়েন্সি অনুযায়ি সরাসরি সম্প্রচার হবে।

তারিখ	সময়	ম্যাচ ও ভেন্যু	কেন্দ্র/ইউনিট/ ফ্রিকোয়েন্সী
১৫.০১.২০১৮	দুপুর ১২টা থেকে খেলা চলাকালীন	**বাংলাদেশ বনাম জিম্বাবুয়ে** শের-ই-বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়াম, ঢাকা	বাণিজ্যিক কার্যক্রম মধ্যম তরঙ্গ ৬৩০ কি.হা. ও এফ.এম ১০৪.০ মে.হা., ট্রাফিক সম্প্রচার কার্যক্রম এফ.এম. ৮৮.৮ মে.হা., বাংলাদেশ বেতার চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর ও সিলেট ৮৮.৮ মে.হা., বরিশাল ১০৫.২ মে.হা., ঠাকুরগাঁও ৯২.০ মে.হা., বান্দরবান ১০৪.০ মে.হা., কক্সবাজার ও খুলনা (নওয়াপাড়া, যশোর) এফ.এম ১০০.৮ মে.হা., এবং কুমিল্লা এফ.এম ১০৩.৬ মে.হা.
১৭.০১.২০১৮	দুপুর ১২টা থেকে খেলা চলাকালীন	**শ্রীলংকা বনাম জিম্বাবুয়ে** শের-ই-বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়াম, ঢাকা	
১৯.০১.২০১৮	দুপুর ১২টা থেকে খেলা চলাকালীন	**বাংলাদেশ বনাম শ্রীলংকা** শের-ই-বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়াম, ঢাকা	
২১.০১.২০১৮	দুপুর ১২টা থেকে খেলা চলাকালীন	**শ্রীলংকা বনাম জিম্বাবুয়ে** শের-ই-বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়াম, ঢাকা	
২৩.০১.২০১৮	দুপুর ১২টা থেকে খেলা চলাকালীন	**বাংলাদেশ বনাম জিম্বাবুয়ে** শের-ই-বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়াম, ঢাকা	
২৫.০১.২০১৮	দুপুর ১২টা থেকে খেলা চলাকালীন	**বাংলাদেশ বনাম শ্রীলংকা** শের-ই-বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়াম, ঢাকা	
২৭.০১.২০১৮	দুপুর ১২টা থেকে খেলা চলাকালীন	**ফাইনাল** শের-ই-বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়াম, ঢাকা	

২। খেলার সময়সূচিতে কোনরূপ পরিবর্তন হলে **পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম,** বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)-এর সাথে যোগাযোগপূর্বক যথাসময়ে খেলা প্রচার নিশ্চিত করবেন এবং তিনি বা তাঁর প্রতিনিধি সময়সূচি পরিবর্তনের বিষয়ে সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন ও সংশ্লিষ্ট পরিচালক/আঞ্চলিক পরিচালক/আঞ্চলিক প্রকৌশলী/স্টেশন প্রকৌশলীগণ-কে তাৎক্ষণিকভাবে অবহিত করবেন।

৩। খেলা প্রচারকালীন সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো চালু না থাকলে খেলা শুরুর ১৫ মিনিট পূর্বে চালু হয়ে খেলা প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে। **খেলা প্রচারকালীন সংশ্লিষ্ট ফ্রিকোয়েন্সির পূর্ব নির্ধারিত অনুষ্ঠান (বিবিসি ও এনএইচকের অনুষ্ঠান ব্যতীত) বাতিল করা হলো। এ সময় আঞ্চলিক কেন্দ্রসমূহের বিকল্প এফ.এম. ফ্রিকোয়েন্সিতে (যদি থাকে) খেলা প্রচার হবে। এছাড়া খেলা প্রচারের তারিখে বাণিজ্যিক কার্যক্রম, বাংলাদেশ বেতার, ঢাকা থেকে দুপুর ১২টা ৩০মিনিটে প্রচার নির্ধারিত এটুআই প্রোগ্রামের স্পন্সর্ড অনুষ্ঠান (উদ্ভাবকের খোঁজে/গল্প নয় সত্যি/বেস্ট স্কুল ফর গার্লস ইত্যাদি) সকাল ১১টা থেকে ১১টা ৩০মিনিট পর্যন্ত সময়ে প্রচার হবে।**

৪। উল্লিখিত খেলার ধারাবিবরণী সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন ও আঞ্চলিক প্রকৌশলী, পুরাতন প্রচার ভবন প্রয়োজনীয় প্রকৌশলগত বিষয়ে লোকবল ও সমন্বয় এবং সকল কেন্দ্র থেকে একযোগে নিরবিচ্ছিন্নভাবে খেলার ধারাবিবরণী রীলের জন্য সকল প্রকার প্রকৌশল ব্যবস্থা গ্রহণ, সংশ্লিষ্ট আঞ্চলিক প্রকৌশলীগণের সাথে নিবিড়ভাবে যোগাযোগ এবং উল্লেখিত ফ্রিকোয়েন্সিগুলো থেকে খেলা সুষ্ঠুভাবে প্রচার হচ্ছে কিনা-তা মনিটর করে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

৫। উল্লিখিত খেলার ধারাবিবরণী প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, ম্যাচ ভেন্যু থেকে জাতীয় বেতার ভবন পর্যন্ত এবং আঞ্চলিক কেন্দ্রসমূহ (রাঙ্গামাটি কেন্দ্র ব্যতীত) থেকে জাতীয় বেতার ভবন পর্যন্ত প্রয়োজনে টেলিফোন লাইন বুক (সংশ্লিষ্ট তারিখ অনুযায়ি) করবেন। ঢাকার টেলিফোন লাইনের ব্যয়ভার আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার বহন করবেন এবং আঞ্চলিক কেন্দ্রসমূহ থেকে জাতীয় বেতার ভবন পর্যন্ত সংযুক্ত টেলিফোন লাইনের ব্যয়ভার স্ব স্ব আঞ্চলিক পরিচালক বহন করবেন।

৬। **পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম উক্ত খেলার জন্য স্পন্সর/বিজ্ঞাপন সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।** এছাড়াও তিনি খেলা সম্প্রচারের সাথে সম্পর্কিত ধারাভাষ্যকারদের বুকিং ও দায়িত্ব প্রদান এবং সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের পূর্বাহ্নে দায়িত্ব অর্পণ করবেন।

৭। খেলা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী-ধারাভাষ্যকারদের খেলা শুরুর ২(দুই) ঘন্টা পূর্বে ম্যাচ ভেন্যুতে উপস্থিতির জন্য নির্দেশনা প্রদান করা হলো।

৮। খেলার ধারাবিবরণী জনপ্রিয় করার লক্ষ্যে পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম এবং সংশ্লিষ্ট পরিচালক/আঞ্চলিক পরিচালকগণ স্ব স্ব কেন্দ্রের নিজস্ব ফ্রিকোয়েন্সি উল্লেখপূর্বক প্রমো/ঘোষণা নিজস্ব চ্যানেলে এবং প্রতিটি কেন্দ্রের ফেসবুক পেইজে ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন।

৯। খেলার ধারাবিবরণী যথাযথভাবে রীলে হচ্ছে কিনা সে বিষয়ে সংশ্লিষ্ট পরিচালক/আঞ্চলিক পরিচালকগণ ও স্টেশন প্রকৌশলী/আঞ্চলিক প্রকৌশলীগণ স্ব স্ব ক্ষেত্রে মনিটরিংপূর্বক সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন ও পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম ঢাকার সাথে প্রয়োজনীয় সমন্বয় করে খেলাগুলো সুষ্ঠুভাবে প্রচার নিশ্চিত করবেন এবং **সংশ্লিষ্ট পরিচালক/আঞ্চলিক পরিচালকগণ খেলা প্রচারের প্রতিবেদন** সদর দপ্তরে প্রেরণ করবেন।

১০। **উল্লিখিত খেলার ধারাবিবরণী যথাযথভাবে প্রচারের জন্য পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম, সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন এবং আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকার নিকট পূর্বাহ্নে খেলা/বিজ্ঞাপনের কিউশিট সরবরাহ নিশ্চিত করবেন।**

১১। উল্লিখিত ক্রিকেট ম্যাচের ওপর প্রতিবেদন জাতীয় ও স্থানীয় সংবাদে প্রচারের জন্য যথাক্রমে পরিচালক, কেন্দ্রীয় বার্তা সংস্থা এবং সংশ্লিষ্ট আঞ্চলিক/উপ-বার্তা নিয়ন্ত্রকগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য